একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজাপুর, ঝালকাঠি
www.rajapur.jhalakathi.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.৪২৮৪.০০১.১২.০০৭.২০-৬৭৭

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৭ / ০৩ সেপ্টেম্বর ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০০৯ গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা-২০১৫ এবং সংশোধিত আইন ২০১৬ এর ৭(২)(৩) বিধি অনুযায়ী রাজাপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নের ওয়ার্ডসমূহে "মহল্লাদার" পদে জনবল নিয়োগের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নরূপ শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	ইউনিয়নের নাম	সংশ্লিষ্ট ওয়ার্ড নং	শূন্য পদের সংখ্যা	মন্তব্য
মহল্লাদার	০৮ টি	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	০২ নং শুক্তাগড়	০৩	০১ জন	৬৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকার ৫০% সরকারি ও ৫০% ইউপি অংশ হতে পরিশোধিত
			০৩ নং রাজাপুর	০১	০১ জন	
				০৫	০১ জন	
			০৪ নং গালুয়া	০১	০১ জন	
				০৫	০১ জন	
				০৬	০১ জন	
				০৮	০১ জন	
			০৫ নং বড়ইয়া	০১	০১ জন	

শর্তাবলী:

০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়ন বা সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। আগ্রহী প্রার্থীগণকে চাকরির নির্ধারিত আবেদন ফরম স্পষ্টাক্ষরে স্বহস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ডিজিটাল তথ্য কেন্দ্র, সংশ্লিষ্ট ইউনিয়নের তথ্য কেন্দ্র অথবা www.rajapur.jhalakathi.gov.bd হতে সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে এবং ছবির অপর পাশে প্রার্থীকে অবশ্যই স্পষ্ট করে নাম লিখতে হবে।

০৩। আবেদনপত্র আগামী ২৪-৯-২০২০ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে (সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ০৫.০০ ঘটিকা) সরাসরি/ডাকযোগে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, দফাদার ও মহল্লাদার নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, রাজাপুর, ঝালকাঠি বরাবরে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৪। প্রার্থীগণকে পরীক্ষার ফি বাবদ উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, ঝালকাঠি বরাবরে ১০০/- (একশত) টাকা মূল্যের অফেরতযোগ্য পে-অর্ডার/পোস্টাল অর্ডার আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

০৫। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনকারীর নাম ঠিকানা সম্বলিত মোবাইল নাম্বারসহ ১০.৫″×৪.৫″ সাইজের একটি ফেরত খাম দাখিল করতে হবে।

০৬। প্রার্থীর বয়স ২৪-৯-২০২০ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্য হতে হবে। তবে শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাগণের ক্ষেত্রে ১৮-৩২ বছর । মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের ক্ষেত্রে ১৮ হতে ৩০ বৎসর। তবে বয়স নিরুপনের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়।

০৭। খামের উপরে ডান দিকে মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট করে লিখতে হবে।

০৮। কোটা সম্পর্কিত সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসরণ করা হবে।

চলমান পাতা-২

০৯। প্রাথমিক বাছাইয়ের যথাযথ বিবেচিত আবেদনকারীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১০। মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যের অনুকূলে মূল সনদ দেখাতে হবে। কোটাধারীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষকর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র দেখাতে হবে।

১১। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হিসেবে প্রার্থীকে নিম্নোক্ত ছকে বর্ণিত তথ্যাদি মৌখিক পরীক্ষার সময় পৃথক কাগজে দেখাতে হবে।

প্রার্থীর নাম	মুক্তিযোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জন্য নিবন্ধন নম্বর/ জাতীয় পরিচয়পত্র নম্বর	মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ	গেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালয়ের সনদ নম্বরও, তারিখ ও স্মারক নম্বর	বামুস সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান দাবি করার ক্ষেত্রে প্রার্থীর পিতা মাতার জাতীয় পরিচয়পত্র	মুক্তিযোদ্ধার উত্তরাধীকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা মাতার নাগরিক সনদ সংযুক্ত প্রমাণক	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

১২। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। মহল্লাদার এর শূন্য পদে নিয়োগের ক্ষেত্রে যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

১৪। চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে তিনি নিয়োগ লাভে অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রম স্থগিত/সময় পরিবর্তন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বা/

মোঃ সোহাগ হাওলাদার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
দফাদার ও মহল্লাদার নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
রাজাপুর, ঝালকাঠি
☏: ০৪৯৫৪-৬৫২২২
ই-মেইল: unorajapur@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.৪২৮৪.০০১.১২.০০৭.২০-৬৭৭(১১)

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৭ / ০৩ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। জেলা প্রশাসক, ঝালকাঠি।
০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ঝালকাঠি।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজাপুর।
০৪। উপজেলা প্রকৌশলী, রাজপুর।
০৫। অফিসার ইন-চার্জ, রাজাপুর থানা।
০৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজাপুর।
০৭। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, রাজাপুর। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট-বাজারে প্রচার করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। নোটিশ বোর্ড।

০৩/৯/২০

উপজেলা নির্বাহী অফিসার
রাজাপুর, ঝালকাঠি

D:\UNO\Advertisment - 2020.doc-2